



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

গাজীপুর-১৭০৫

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ

ফোন-৯২৯১১১৩

স্মারক : বাউবি/এসএসএস/এইচএসসি/ভর্তি বিজ্ঞপ্তি/০২/১৮/১৫/ ২২৬২

তারিখ : ২২/১১/১৯

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র, ঢাকা/ কুমিল্লা/ চট্টগ্রাম/ ময়মনসিংহ/ বরিশাল/ সিলেট/ ফরিদপুর/ খুলনা/ যশোর/ রাজশাহী/ বগুড়া/ রংপুর।

বিষয় : এইচএসসি প্রোগ্রামে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের(২০১৭ ব্যাচ) ১ম বর্ষে ভর্তি সমন্বয়করণ ও নতুনসূচী প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র এইচএসসি প্রোগ্রামের ভর্তির সময়, ব্যাচ, বর্ষ এবং পরীক্ষার বছর ও সময় দেশের প্রচলিত বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের ভর্তির সময় ও শর্তের সঙ্গে সংগতিপূর্ণ নয় বিধায় ভর্তি প্রক্রিয়া, পরীক্ষা, বর্ষ সেশনজট ইত্যাদির কারণে বিভিন্ন সমস্যা হচ্ছে। বাউবি'র নিয়মিত পরীক্ষায় পাশ করেও তারা প্রচলিত বোর্ড/বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারছেন না। এই সমস্ত বিষয়াদি বিবেচনায় এনে পাবলিক বিশ্ববিদ্যালয়ের চলমান ভর্তির নিয়মের কারণে বাউবি'র এইচএসসি প্রোগ্রামের শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার পথকে সুগম করার লক্ষ্যে ২০১৬ ব্যাচের শিক্ষার্থীদের ২০১৭ ব্যাচের (সেশন ২০১৭-২০১৮) শিক্ষার্থী হিসেবে বিবেচনা করার সিদ্ধান্ত কর্তৃপক্ষ গ্রহণ করেছেন। সেমতে এইচএসসি প্রোগ্রামে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের পরিবর্তে সমন্বয় করে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ (ব্যাচ ২০১৭) ১ম বর্ষে ভর্তি, ক্লাস ইত্যাদি সার্বিক সমন্বয়ের লক্ষ্যে ভর্তির নতুন সূচী ২৫ নভেম্বর, ২০১৬ থেকে ১৫ জুন, ২০১৭ পর্যন্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হয়েছে।

উল্লিখিত বিষয়টি বাউবি'র সকল উপ আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার এবং বাউবি নির্ধারিত ব্যাংক শাখাসহ সংশ্লিষ্ট সকলকে জরুরী ভিত্তিতে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মো: আতিকুর রহমান)

পরিচালক (ভারপ্রাপ্ত)

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ, বাউবি।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১. প্রোগ্রামার, বাউবি।

২. প্রধান, ওপেন স্কুল, বাউবি।

৩. সিস্টেম ম্যানেজার/ পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৪. পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।

৫. পরিচালক, প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ, বাউবি।

৬. পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ বাউবি।

৭. একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯. উপ-পরিচালক(ভর্তি), এসএসএস বিভাগ, বাউবি।

১০. সহকারী আঞ্চলিক পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দপ্তর, বাউবি।

১১. সংরক্ষণ নথি

